**[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

**(মূল্য সংযোজন কর)**

**বিশেষ আদেশ**

**বিশেষ আদেশ নং-০৯/মূসক/২০২৫**

তারিখঃ **০২ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ।**
**১৫ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ।**

**বিষয়ঃ বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক অপরিশোধিত ভোজ্য তেল (এইচ এস কোড হেডিং ১৫.০৭, ১৫.১১ ও ১৫.১৮) আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে ৫ শতাংশ আগাম কর (AT) অব্যাহতি প্রদান।**

যেহেতু, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৫১-আইন/২০২১/১৪৮-মূসক, তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রি: এর অনুচ্ছেদ-১ এর উপ-অনুচ্ছেদ (৩০) এর মাধ্যমে কোনো নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক Heading 15.07, Heading 15.11 এবং Heading 15.18 এর আওতায় আমদানিকৃত অপরিশোধিত সয়াবিন তেল ও অপরিশোধিত পাম তেল এর উপর আরোপণীয় আগাম কর হতে অব্যাহতি প্রদান করা হয়েছে; এবং

যেহেতু, আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ-২০ এর উপ-অনুচ্ছেদ (২১) অনুযায়ী কোনো বাণিজ্যিক আমদানিকারক কোনো রিফাইনারির সহিত চুক্তিবদ্ধ থাকলে বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমোদনক্রমে চুক্তিতে বর্ণিত পরিমাণ অপরিশোধিত সয়াবিন তেল ও অপরিশোধিত পাম তেল আমদানি করতে পারবে মর্মে উল্লেখ রয়েছে এবং সেক্ষেত্রে উক্ত বাণিজ্যিক আমদানিকারক শিল্প প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত হবে মর্মেও উল্লেখ রয়েছে;

সেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিবন্ধিত বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক কোনো রিফাইনারির সহিত চুক্তিবদ্ধ থাকা সাপেক্ষে Heading 15.07, Heading 15.11 এবং Heading 15.18 এর আওতায় আমদানিকৃত অপরিশোধিত সয়াবিন তেল ও অপরিশোধিত পাম তেল আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে ৫ শতাংশ আগাম কর (AT) হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো।

**শর্তাবলী:**

(ক) এই অব্যাহতি সুবিধা গ্রহণের পূর্বে বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে;

(খ) আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ অনুযায়ী পণ্য আমদানির জন্য প্রযোজ্য সকল শর্তাদি পরিপালন করতে হবে; এবং

(গ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

স্বাঃ

**(মোহাঃ মসিউর রহমান)**
প্রথম সচিব (মূসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা।
[তাঁকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০০১.২২/ ৭২৬(২৬) তারিখঃ ১৫/০৪/২০২৫ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১-৩। সদস্য (মূসক নীতি)/(মূসক বাস্তবায়ন ও আইটি)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিল ট্রাইব্যুনাল, ১১ তলা, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।

৫-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

১৭-২০। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।

২১। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর ঢাকা।

২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা উত্তর/দক্ষিণ/চট্টগ্রাম।

২৩-২৪। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

২৫। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

15 April 25

**(ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুন্সী)**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)